

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৮৬০

১/ বিবিধ

আরবী

الصبر والاحتساب هن عتق الرقاب، ويدخل الله صاحبهن الجنة بغير حساب  
ضعيف جدا

رواه الطبراني (1 / 326 / 1 - 2) عن سليمان بن سلمة الخبائري: حدثنا بقية عن  
عيسى بن إبراهيم عن موسى بن أبي حبيب عن الحكم بن عمير مرفوعا

قلت: وهذا إسناد ضعيف جدا، الخبائري وعيسى بن إبراهيم، وهو الهاشمي متروكان،  
وبينهما بقية، وهو مدلس، وقد عنعنه. ثم روى الطبراني بهذا الإسناد عن الحكم بن  
عمير مرفوعا بلفظ: " أحب الأعمال إلى الله عز وجل، من أطعم مسكينا من جوع،  
أو وضع عنه مغرما، أو كشف عنه كربا ". ضعيف جدا، وقد سبق بيانه أنفا

বাংলা

১৮৬০। ধৈর্য ধারণ করা এবং আত্মসমালোচনা করা দাস/দাসী স্বাধীন করার মত। এ গুণের অধিকারীকে আল্লাহ্ তা'আলা বিনা হিসাবে জান্নাত দিবেন।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে ত্ববারানী (১/৩২৬/১-২) সুলাইমান ইবনু সালামাহ খাবায়েরী হতে, তিনি বাকিয়্যাহ হতে, তিনি ঈসা ইবনু ইবরাহীম হতে, তিনি মূসা ইবনু আবু হাবীব হতে, তিনি হাকাম ইবনু উমায়ের হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। খাবায়ের এবং ঈসা ইবনু ইবরাহীম হচ্ছেন হাশেমী, তারা উভয়েই মাতরুক। তাদের দু'জনের মধ্যে বাকিয়্যাহ রয়েছেন যিনি মুদাল্লিস, তিনি আন আন করে বর্ণনা করেছেন।

অতঃপর ত্ববারানী এ সনদেই হাকাম ইবনু উমায়ের হতে মারফু হিসেবে নিম্নের ভাষায় বর্ণনা করেছেনঃ

أحب الأعمال إلى الله عز وجل، من أطعم مسكينا من جوع، أو وضع عنه مغرما، أو كشف عنه كريبا

“আল্লাহর নিকট সর্বাপেক্ষা পছন্দনীয় আমল হচ্ছে, যে ক্ষুধার কারণে মিসকীনকে খাওয়ালো, অথবা তার ঋণ মওকুফ করে দিল, অথবা তার থেকে বিপদ দূর করল।”

কিন্তু এটিও খুবই দুর্বল। একটু পূর্বে উল্লেখিত কারণে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72743>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন